

কার্প জাতীয় মাছের ব্রুড ব্যবস্থাপনা

• দলিল উদ্দিন আহমদ •

দেশে মাছ চাষ সম্প্রসারণ কার্যক্রমের ব্যাপকতার জন্য কার্প জাতীয় মাছের রেনু পোনার চাহিদা সর্বোচ্চ মাত্রায় বৃদ্ধি পেয়েছে। এ চাহিদা মেটানোর লক্ষ্যে সরকারি-বেসরকারি পর্যায়ে এক হাজারেরও বেশি হ্যাচারি গড়ে উঠেছে। অধিকাংশ প্রাকৃতিক মৎস্য প্রজনন কেন্দ্র ইতোমধ্যে বিনষ্ট হয়ে যাওয়ায় হ্যাচারিতে কৃত্রিম প্রজননের মাধ্যমে পোনা উৎপাদনের কোনো বিকল্প নেই। এ ক্ষেত্রে কৃত্রিম প্রজননের জন্য গুণমানসম্পন্ন ব্রুডই হল ভাল পোনা প্রাপ্তির পূর্বশর্ত।

ব্রুডের উৎস: কার্প জাতীয় মাছের ব্রুডের উৎস হল হলদা, যমুনা ও পদ্মা নদী। উন্নত ব্যবস্থাপনার অভাবে নদীর উৎসের পোনা হতেও কাল্পিত উৎপাদন পাওয়া যায় না। এছাড়া অসাধু ব্যবসায়ীরা অধিক লাভের আশায় প্রাকৃতিক উৎসের রেনুর সাথে হ্যাচারি হতে উৎপাদিত পোনা মিশিয়ে বিক্রি করার কারণে চাষিরা সন্তোষজনক ফললাভ করতে পারে না। যদি প্রথমবার নদীর উৎসে প্রাপ্ত মানসম্পন্ন পোনা থেকে ব্রুড তৈরি করা যায়, তবে সেই ব্রুড হতে পর্যায়েক্রমে ৫ থেকে ৭ বছরে উন্নতমানের পোনা উৎপাদন সম্ভব। তবে কোনোভাবেই একই মাছের ভাই-বোনদের মধ্যে ক্রসিং সমীচীন নয়।

প্রাকৃতিক উৎস থেকে রেনু সংগ্রহ করে সঠিকভাবে বাছাই ও প্রতিপালনের মাধ্যমে ব্রুড তৈরি পূর্বক প্রজনন ঘটানোর ফলে যে পোনা পাওয়া যায়, সেগুলো দ্রুত বর্ধনশীল ও ভাল মানের হয়ে থাকে। এ সকল পোনা থেকে উন্নত ব্রুড স্টক তৈরি করা যায়।

পুকুর থেকে সংগ্রহ: অন্তঃপ্রজননমুক্ত ব্রুড হতে হ্যাচারিতে স্থায়ীবান পোনা বাছাই করে ব্রুড স্টক তৈরির জন্য সংরক্ষণ করা একান্তই জরুরি। এ ক্ষেত্রে কার্প জাতীয় মাছের ওজন ও বয়স নিম্নরূপ হওয়া বাঞ্ছনীয়।



- (১) রুই মাছের বয়স ২+ বছর, ওজন হবে ১.৫+ কেজি
 - (২) কাতলার বয়স ৩+ বছর, ওজন ৪.০+ কেজি
 - (৩) মৃগেলের বয়স ২+ বছর, ওজন ১.৫+ কেজি
 - (৪) কালি বাউশের বয়স ২+ বছর, ওজন ১+ কেজি।
- পুকুর নির্বাচন:** পুকুরের আয়তন ০.৫০ থেকে ১.০০ একর এবং গভীরতা ৫ থেকে ৭ ফুট হওয়া অত্যাবশ্যক।
- পুকুর প্রস্তুতি:** অবাঞ্ছিত মাছ নির্মূল করতে হবে। পুকুর শুকানোর পর প্রতি শতাংশে ১.০ থেকে ১.৫ কেজি হারে পাখুরে চুন ব্যবহার করতে হবে। তারপর পুকুরে পানি সরবরাহ করে সাতদিন পর প্রতি শতাংশে ৫ থেকে ৭ কেজি গোবর, ১৫০ গ্রাম ইউরিয়া, ৭৫ থেকে ১০০ গ্রাম টিএসপি এবং ২০ গ্রাম এমপিওসার প্রয়োগ করতে হবে।
- ব্রুড মজুদ:** পুকুরে পর্যাপ্ত প্রাকৃতিক খাবার তৈরি হওয়ার পর একরপ্রতি ৬০০ থেকে ৭০০ কেজি ব্রুড মজুদ করা যেতে পারে।